NYC | Department of Health and Mental Hygiene | Department of Education

# নতুন ভর্তি পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট

শিক্ষার্থীর নাম: ______________________________ জন্মতারিখ: ________________

স্কুল: ______________________________________ গ্রেড/ক্লাস: ________________

তারিখ: __________________

প্রিয় পিতামাতা/অভিভাবক,

সুস্বাস্থ্য শিক্ষণের জন্য গুরুত্বপূর্ণ। অফিস অভ স্কুল হেলথ্ পরিবারসমূহকে তাদের সন্তানদেরকে স্বাস্থ্যবান এবং শিক্ষণের জন্য প্রস্তুত রাখতে সহায়তা প্রদান করে। নিউ ইয়র্ক সিটি পাবলিক হেলথ্ কোড (অনুচ্ছেদ 49.05), এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের চ্যান্সেলরের প্রবিধান (A-701)-এর শর্ত এই যে, কোন পাবলিক স্কুলে প্রথম বারের মতো ভর্তি হতে যাওয়া সকল শিক্ষার্থীকে একটি পুর্ণ স্বাস্থ্য পরীক্ষা দিতে হবে। এই পরীক্ষার ফলাফল, যা চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফরমে (CH205)রেকর্ডকৃত হয়, সেটি স্কুলে আপনার সন্তানের প্রযত্নে আমাদের জন্য সহায়ক। এই ফরমটি অবশ্যই:

- একজন লাইসেন্সধারী ডাক্তার, কর্মরত নার্স অথবা চিকিৎসকের অ্যাসিসট্যান্ট কর্তৃক পূরণকৃত হবে
- স্কুল শুরু হবার 12 মাসের মধ্যে পূরণকৃত হতে হবে
- স্কুল নার্সের কাছে ফেরত দিতে হবে

পরীক্ষার সময় আপনার সন্তানের বয়স যদি 5 বছরের নিচে হয়, তার পঞ্চম জন্মদিবসের পরে একটি নতুন CH205 ফরম অবশ্যই জমা দিতে হবে।

এই শর্তের বিষয়ে আরও তথ্যের জন্য এই পৃষ্ঠার পিছনে অনুগ্রহ করে *নতুন ভর্তি পরীক্ষার বহুল জিজ্ঞাসিত প্রশ্নগুলি* দেখুন।

**আজকের তারিখ পর্যন্ত, ফাইলে আপনার সন্তানের জন্য কোন পূরণকৃত CH205 ফরম আমাদের কাছে নাই।** আপনার সন্তানের স্বাস্থ্য প্রযত্নপ্রদানকারীকে অনুগ্রহ করে সংযুক্ত ফরমটি পূরণ করতে দিন। **অনুগ্রহ করে পূরণকৃত ফরমটি স্কুল নার্সের কাছে ____/____/____ তারিখের মধ্যে ফেরত দিন।** আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা একজন ডাক্তার অথবা কোন হেলথ্ ইনসিওরেন্স প্ল্যান খুঁজে নিতে সহায়তার প্রয়োজন পড়ে, অনুগ্রহ করে স্কুল নার্সকে ____________________ নম্বরে 9 AM এবং 3 PM-এর মাঝে ফোন করুন।

আমরা আপনার সন্তানের স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীর সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নিয়ে CH205 ফরমটি পূরণে জোরালোভাবে উৎসাহ প্রদান করছি। ফরমটি আমাদের হাতে না এলে, আমাদেরকে আপনার সন্তানের স্বাস্থ্য পরীক্ষার জন্য অফিস অভ স্কুল হেলথ্ ফিজিশিয়ানের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে।

আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

বিশ্বস্ত,

শেরিল লরেন্স, এমডি,
মেডিক্যাল ডিরেক্টরের
অফিস অভ স্কুল হেলথ

Department of Health and Mental Hygiene | Department of Education

# নতুন ভর্তি পরীক্ষা: বহুলজিজ্ঞাসিত প্রশ্নাবলি (FAQs)

## নতুন ভর্তি পরীক্ষা বলতে কী বোঝায়?

নতুন ভর্তি পরীক্ষা বলতে বোঝায় একটি পূর্ণ স্বাস্থ্য পরীক্ষা যা নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহে ভর্তির জন্য সকল শিক্ষার্থীর ক্ষেত্রে আবশ্যিক। নিউ ইয়র্ক সিটি পাবলিক হেলথ্ কোড (অনুচ্ছেদ 49.05) এবং ডিপার্টমেন্ট অভ এডুকেশনের চ্যান্সেলরের প্রবিধান (A-701) অনুযায়ী এই নতুন ভর্তি পরীক্ষা বাধ্যতামূলক। **এই পরীক্ষা আবশ্যিক।**

পরীক্ষায় নিম্নোল্লিখিত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে:

- মেডিক্যাল হিস্ট্রি
- বিকাশগত মূল্যায়ন
- পুষ্টিগত মূল্যায়ন
- প্রতিমান
- উচ্চতা
- বডি মাস ইনডেক্স
- রক্তচাপ
- দৃষ্টি পরীক্ষা
- শ্রুতি পরীক্ষা
- ডেন্টাল স্ক্রিনিং

## চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফরম (CH205)?

নতুন ভর্তি পরীক্ষা যে করা হয়েছে তার প্রমাণ হলো চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফরম (CH205)। এই ফরমটি অবশ্যই:

- **একজন লাইসেন্সধারী ডাক্তার, কর্মরত নার্স , অথবা চিকিৎসকের অ্যাসিসট্যান্ট কর্তৃক পূরণকৃত হবে**
- **স্কুল শুরু হবার আগে 12 মাসের মধ্যে পূরণকৃত হতে হবে**
- **স্কুল নার্সের কাছে ফেরত দিতে হবে**

পরীক্ষার সময় আপনার সন্তানের বয়স যদি 5 বছরের নিচে হয়, তার পঞ্চম জন্মদিবসের পরে একটি নতুন CH205 ফরম অবশ্যই জমা দিতে হবে।

## আমার সন্তানের যদি কোন স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী না থাকে যে CH205 পূরণ করতে পারে, সেক্ষেত্রে আমি কী করবো?

নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক শিশু হেলথ্ ইনসিওরেন্স কাভারেজ এবং স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী লাভের যোগ্য। আপনার যদি কোন প্রশ্ন থাকে অথবা একজন ডাক্তার বা কোন হেলথ্ ইনসিওরেন্স প্ল্যান খুঁজে নিতে সহায়তার প্রয়োজন পড়ে, অনুগ্রহ করে স্কুল নার্সকে ফোন করুন। **অফিস অভ স্কুল হেলথ্ জোরালোভাবে পরামর্শ দেয় যে, আপনি আপনার সন্তানের জন্য একজন স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী খুজে নিন এবং তার যেন প্রতিবছরে চেক-আপ হয়।** আপনার সন্তানের প্রযত্ন প্রদানকারীকে সর্ব সাম্প্রতিক স্বাস্থ্য পরীক্ষার ফলাফলসহ CH205 পূরণ করতে হবে।

অফিস অভ স্কুল হেলথ্ যদি আপনার সন্তানের পূরণকৃত CH205 ফরম না পায়, তাকে স্বাস্থ্য পরীক্ষার জন্য অফিস অভ স্কুল হেলথ্ ফিজিশিয়ান কর্তৃক একটি সময়সূচি দেয়া হতে পারে। অনুগ্রহ করে জেনে রাখুন যে, অফিস অভ স্কুল হেলথ্ একটি প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা করবে; এই পরীক্ষা তার প্রতিবছরের চেক-আপ যা আপনার সন্তানের স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারী কর্তৃক হবার কথা সেটিকে স্থানান্তরিত করে না।

আপনার সন্তানকে যদি অফিস অভ স্কুল হেলথ্ ফিজিশিয়ান পরীক্ষার জন্য সূচিভুক্ত করা হয়:

- পরীক্ষাটি হবে স্কুলে মেডিকেল রুমে। পরীক্ষাটিকে অধিক গোপনীয় করবার জন্য একটি পর্দা ব্যবহার করা হতে পারে।
- স্কুল নার্স অথবা অফিস অভ স্কুল হেলথের অন্য কোন কর্মী পরীক্ষার সময় আপনার সন্তানের সাথে থাকবে।
- পরীক্ষার জন্য, আপনার সন্তানকে তার পোশাক খুলতে বলা হবে, এর অন্তর্ভুক্ত টাইটস্, প্যান্টিহোজ, মোজা, থার্মাল আন্ডারওয়্যার, এবং আন্ডারশার্টস্। শিক্ষার্থীরা তাদের আন্ডারওয়্যার পরে থাকবে, যেমন ব্রা এবং অন্ডারপ্যান্টস্, এবং পরীক্ষার জন্য একটি গাউন পরবে।
- যৌনাঙ্গ অথবা "গোপনীয় অংশগুলি" চেক করা হবে না, যদি না পরীক্ষার জন্য পিতামাতা অথবা অভিভাবক উপস্থিত থাকেন।
- চিকিৎসক কোন রক্ত নেবেন না অথবা ইম্যুনাইজেশন টিকাও দেবেন না। পরীক্ষায় আপনার সন্তানের আচরণ এবং বেড়ে ওঠার সামগ্রিক মূল্যায়নও অন্তর্ভুক্ত নয়। ওইসব পরিষেবা পেতে আপনার সন্তানের স্বাস্থ্য প্রযত্ন প্রদানকারীর কাছে প্রতিবছর চেক-আপ করতে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**নতুন ভর্তি পরীক্ষা সম্পর্কে আপনার যদি অন্য কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার স্কুল নার্সের সাথে যোগাযোগ করুন।**